বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

পিপিআর অনুবিভাগ

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৮-২০১৯ এর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহম্মদ মুনির হোসেন
এমডিএস (পিএন্ডএস)
বিপিএটিসি, সাভার, ঢাকা

স্থান : এমডিএস (পিএন্ডএস)-এর অফিস কক্ষ।

তারিখ ও সময় : ২০ ডিসেম্বর ২০১৮; সকাল ০৯:০০ টা।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক'

এমডিএস (পিএন্ডএস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার সূচনা করা হয়। অত:পর পরিচালক (পিপিআর)-কে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৮-২০১৯ এর বিগত পাঁচ মাসে বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে কার্যপত্র উপস্থাপন করতে এবং উপস্থিত সকলকে উল্লিখিত বিষয়ে আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
আলোচনা-১: উপপরিচালক (পিপিআর) সভায় জানান যে, "বাংলাদেশ সিভিল সার্ভিসে নবনিযুক্ত কর্মচারিদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন" এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫৩০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ইতোমধ্যে দু'টি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে (৬৬তম ও ৬৭তম) ২৮৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। তিনি আরও জানান যে, আগামী ১০/০২/২০১৯ হতে ০৮/০৮/২০১৯ তারিখ মেয়াদে ৪৯৫ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন চেয়ে ৬৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় পত্র প্রেরণ করা হয়েছে।	আগামী ১০/০২/২০১৯ হতে ০৮/০৮/২০১৯ তারিখ মেয়াদে ৪৯৫ জন প্রশিক্ষণার্থীকে নিয়ে ৬৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে।	পরিচালক (পিপিআর)
আলোচনা-২: উপপরিচালক (পিপিআর) সভায় জানান যে, "উপসচিব এবং সমমানের কর্মচারিদের জন্য উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স আয়োজন" এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ১৫০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ইতোমধ্যে দু'টি উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সের মাধ্যমে (১২১তম ও ১২২তম) ৬৭ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। তিনি আরও জানান যে, আগামী ২০/০১/২০১৯ থেকে ৩০/০৩/২০১৯ তারিখ মেয়াদে অনুষ্ঠিতব্য ১২৩তম এবং ০৩/০২/২০১৯-১৩/০৪/২০১৯ মেয়াদে ১২৪তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স আয়োজনের লক্ষ্যে প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় পত্র প্রেরণ করা হয়েছে।	আগামী ২০/০১/২০১৯ থেকে ৩০/০৩/২০১৯ ১২৩তম এবং ০৩/০২/২০১৯ থেকে ১৩/০৪/২০১৯ মেয়াদে ১২৪তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স আয়োজন করতে হবে।	পরিচালক (পিপিআর)

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
আলোচনা-৩: উপপরিচালক (পিপিআর) সভায় জানান যে, "যুগ্মসচিব এবং সমমানের কর্মচারিদের জন্য সিনিয়র স্টাফ কোর্স আয়োজন" এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ১২০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ইতোমধ্যে দু'টি সিনিয়র স্টাফ কোর্সের মাধ্যমে (৮৭তম ও ৮৮তম) ৫৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। তিনি আরও জানান যে, প্রশিক্ষণ বর্ষপঞ্জিতে উল্লিখিত তারিখ অনুযায়ী ৮৯তম সিনিয়র স্টাফ কোর্সটি নির্বাচনের কারণে আয়োজন করা হচ্ছে না এবং পরবর্তীতে কবে আয়োজন করা হবে সে তারিখ নির্ধারণ করা প্রয়োজন।	৮৯তম সিনিয়র স্টাফ কোর্সসহ ২০১৮-১৯ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে পরবর্তী কোর্সসমূহ আয়োজনের তারিখ নির্ধারণের জন্য নথি উপস্থাপন করতে হবে।	পরিচালক (পিপিআর)
আলোচনা-৪: উপপরিচালক (পিপিআর) সভায় জানান যে, "অতিরিক্ত সচিবদের জন্য পলিসি প্ল্যানিং এবং ম্যানেজমেন্ট কোর্স আয়োজন" এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৪০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। তিনি আরও জানান যে, ২০/০১/২০১৯ থেকে ৩১/০১/২০১৯ মেয়াদে ১৭তম পিপিএমসি আয়োজনের লক্ষ্যে ১৭ (সতের) জন প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় পত্র প্রেরণ করা হয়েছে।	আগামী ২০/০১/২০১৯ থেকে ৩১/০১/২০১৯ মেয়াদে ১৭তম পিপিএমসি আয়োজন করতে হবে।	পরিচালক (পিপিআর)
আলোচনা-৫: পরিচালক (পিপিআর) সভায় জানান যে, "প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স" আয়োজনের মাধ্যমে ৬০ জন কর্মকর্তাকে প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও এখন পর্যন্ত কোন প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়নি।	আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে দু'টি প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজনের মাধ্যমে ৬০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। এক্ষেত্রে জরুরী পদক্ষেপ নিতে হবে।	পরিচালক (পিপিআর/টিওটি)
আলোচনা-৬: "স্বল্পমেয়াদি কোর্স" এর মাধ্যমে ৩০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ইতোমধ্যে ছয়টি স্বল্পমেয়াদি কোর্সের মাধ্যমে ১৯৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বলে সভায় অবহিত করা হয়।	অবশিষ্ট ১০২জন কর্মকর্তাকে আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে।	পরিচালক (পিপিআর)
আলোচনা-৭: উপপরিচালক (পিপিআর) সভায় জানান যে, "আরপিএটিসি সমূহের মাধ্যমে কর্মচারিগণের জন্য প্রশিক্ষণ আয়োজন" এর মাধ্যমে ৩৬০০ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ৪টি আঞ্চলিক কেন্দ্রে ১৯৭৭ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে আলোচনায় উল্লেখ করা হয়।	অবশিষ্ট ১৬২৩ জন কর্মকর্তাকে আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে।	পরিচালক (এসটিএন্ডআরসি)
আলোচনা-৮: ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণ ক্ষেত্র বৃদ্ধির লক্ষ্যে ০২টি "online কোর্সের আয়োজন" এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত (জুলাই থেকে ডিসেম্বর ২০১৮) online প্রশিক্ষণ কোর্স আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হলেও কোন কোর্স আয়োজন করা সম্ভব হয়নি বলে সভাকে জানানো	কোর্স কারিকুল্যাম প্রণয়নপূর্বক আগামী ২০ জানুয়ারি ২০১৯ এর মধ্যে অনুষদ সদস্যদের online প্রশিক্ষণ প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে। এক্ষেত্রে জরুরী পদক্ষেপ নিতে হবে।	সিস্টেমস্ এ্যানালিস্ট

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
হয়। সভায় উপস্থিত অনুষদ সদস্যবৃন্দ জানান যে, যেহেতু ২০ জানুয়ারি/২০১৯ পর্যন্ত কেন্দ্রে কোন কোর কোর্স অনুষ্ঠিত হচ্ছে না সেহেতু এ সময়ের মধ্যে অনুষদ সদস্যদের জন্য online প্রশিক্ষণ কোর্স আয়োজন করা যেতে পারে।		
আলোচনা-৯: "ভাটিক্যাল এক্সটেনশন অব আইটিসি বিল্ডিং এর কার্যক্রম ৩০ জুন ২০১৯ এর মধ্যে শতভাগ সমাপ্ত হবে বলে পরিচালক (প্রকল্প) সভাকে অবহিত করেন।	ভাটিক্যাল এক্সটেনশন অব আইটিসি বিল্ডিং এর কার্যক্রম আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে শতভাগ সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক (ভার্টিক্যাল এক্সটেনশন অব আইটিসি বিল্ডিং প্রকল্প) ও পরিচালক (প্রকল্প)
আলোচনা-১০: "ক্যাপাসিটি এ্যানহান্সমেন্ট অব কোর কোর্সেস অব বিপিএটিসি প্রকল্পটিতে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না। APA এর লক্ষ্যমাত্রা অর্জনের এর প্রভাব পড়তে পারে বিধায় উল্লিখিত প্রকল্পটির সাথে সংশ্লিষ্ট অনুষদ সদস্যদের তাগিদপত্র দেয়া যেতে পারে।	প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে এমডিএস (প্রকল্প) বরাবর তাগিদপত্র দিতে হবে।	পরিচালক (পিপিআর)
আলোচনা-১১: উপপরিচালক (পিপিআর) সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে একটি "উন্নয়ন প্রকল্প দলিল প্রস্তুতের" লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কেন্দ্রে একটি উন্নয়ন প্রকল্প দলিল প্রণয়নের কাজ চলমান রয়েছে যার অগ্রগতি ৪০%।	আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে একটি পূর্ণাঙ্গ প্রকল্প দলিল প্রণয়নের কাজ সমাপ্ত করতে হবে।	এমডিএস (প্রকল্প) ও পরিচালক (প্রকল্প)
আলোচনা-১২: ২০১৮-১৯ অর্থ বছরে "ডরমিটরি উন্নয়ন রক্ষণাবেক্ষন ও মেরামত" শীর্ষক লক্ষ্যমাত্রায় ৩১৮টি কক্ষের উন্নয়ন, রক্ষণাবেক্ষন ও মেরামতের কাজ সম্পন্ন করতে হবে। ইতোমধ্যে ৫টি ডরমিটরীর ১৭৫টি কক্ষের রক্ষণাবেক্ষণের কাজ সম্পন্ন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।	অবশিষ্ট ১৪৩ টি কক্ষের উন্নয়ন, রক্ষণাবেক্ষন ও মেরামত" কাজ আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
আলোচনা-১৩: সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর লক্ষ্যমাত্রা অর্জনে বরিশাল আরপিএটিসির জমি বুঝে নেওয়া ও ডিজিটাল সার্ভে করা হয়েছে। এছাড়া রংপুর আরপিএটিসির জমির গেজেট হলেও রেজিস্ট্রি হয়নি।	আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে রংপুর আরপিএটিসির জন্য জমি অধিগ্রহণের সামগ্রিক কাজ সম্পন্ন করতে হবে।	এমডিএস (এমএন্ডডি) ও পরিচালক (এসটিএন্ডআরসি)
আলোচনা-১৪: ২০১৮-১৯ অর্থ বছরে প্রকল্পের জন্য লে-আউট প্রণয়ন করতে হবে মর্মে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আলোচনায় উল্লেখ করা হয় যে, এখন পর্যন্ত প্রকল্পের একটি খসড়া লে-আউট প্রণয়ন করা হয়েছে।	আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে প্রকল্পের জন্য একটি চূড়ান্ত লে-আউট প্রণয়ন করতে হবে।	এমডিএস (প্রকল্প) ও পরিচালক (প্রকল্প)
আলোচনা-১৫: ২০১৮-১৯ অর্থ বছরে কেন্দ্রের অকেজো ০৬টি যানবাহন নিলামে বিক্রয় করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভায় জানানো হয় যে, ইতোমধ্যে ০১টি যানবাহন নিলামে বিক্রয়ের কাজ সম্পন্ন হয়েছে এবং ৫টি যানবাহন নিলামে বিক্রয় করার কাজ চলমান রয়েছে।	অবশিষ্ট অকেজো ০৫টি যানবাহন নিলামে বিক্রয়ের কাজ আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
আলোচনা-১৬: ২০১৮-১৯ অর্থ বছরে কেন্দ্রের জন্য ০৬টি নতুন যানবাহন ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। পরিচালক (প্রশাসন) জানান যে, একটি পুরাতন যানবাহন বিক্রয়ের কাজ সম্পন্ন হওয়ায় তার বিপরিতে একটি	আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে পুরাতন যানবাহগুলো নিলামে বিক্রয়ের কাজ সমাপ্তপূর্বক নতুন যানবাহন ক্রয়ের কাজ সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন)